

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

(الجيش الإسلامي في الليل قبل حنين) হোনায়েন-এর পূর্ব রাতে

বোনায়েন পৌঁছার আগের রাতে আবু হাদরাদ আসলামী (রাঃ)-কে গোপনে পাঠিয়ে আল্লাহর রাসূল (ছাঃ) তাদের সব খবর জেনে নিয়ে বললেন, الله شَاءَ الله عُنِيمَةُ الْمُسْلِمِينَ غَدًا إِنْ شَاءَ الله 'এসবই আগামীকাল মুসলমানদের গণীমতে পরিণত হবে ইনশাআল্লাহ'। তিনি আনাস বিন আবু মারছাদ আল-গানাভীকে রাত্রিকালীন পাহারার দায়িত্ব দেন। সকালে উঠে রাসূল (ছাঃ) তাকে জিজ্ঞেস করেন, রাতে শুয়েছিলে কি? তিনি বললেন, না। কেবল ছালাত আদায় করেছি এবং হাজত সেরেছি। তখন খুশী হয়ে রাসূল (ছাঃ) বললেন, ফিক্টে ক্রিটিট গ্রিটি গ্রিটিট গ্রিটিট গ্রিটিট গ্রিটিব করে নিলে। এর পরে আর কোন আমল না করলেও তোমার চলবে' (আবুদাউদ হা/২৫০১)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5607

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন